# Government of the People's Republic of Bangladesh
# Directorate General of Drug Administration
# Aushadh Vaban
# Mohakhali, Dhaka-1212, Bangladesh

**২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর'২৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে এ অধিদপ্তরের নৈতিকতা কমিটির আলোচনা সভার কার্যবিবরণী ঃ**

| Meeting Minutes | Chairperson | মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। |
|---|---|---|
| | Date | জুলাই ৩০, ২০২৩ |
| | Time | সকাল ১১.০০ ঘটিকা |
| | Venue | ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর সম্মেলন কক্ষ |
| | Minutes Taken By | মোঃ বাশারাফ হসেন, ঔষধ পরিদর্শক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। |
| | Minutes Reviewed By | শায়লা নওশাদ, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা। |

| Attendees | Enclosed (as per Form- NRA-NRS-004/F02-01) |
|---|---|

| Agenda | No. | Meeting Topics |
|---|---|---|
| | | ১। ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা।<br>২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর'২৩) পরীবিক্ষণ কাঠামোতে উল্লেখিত বিষয়াদি নিয়ে আলোচনা। |

## Discussions: main discussions in Short form (if required)

ঔষধ প্রশাসন অধিদপ্তর এর মহাপরিচালক ও নৈতিকতা কমিটির সভাপতি মেজর জেনারেল ইউসুফ মহোদয় সভায় সভাপতিত্ব করেন। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনার মূল লক্ষ্য। এ পর্যায়ে তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের সূচক সমূহ উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে আহ্বান করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর পরিচালক (চঃ দাঃ) ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি জনাব মোঃ ইয়াহ্ইয়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সূচক সমূহ উপস্থাপন করেন।

তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের মূল্যায়ন প্রতিবেদন এর মধ্যে ১.১ নং অনুচ্ছেদ অনুযায়ী নৈতিকতা কমিটির একটি সভা আজ অনুষ্ঠিত হচ্ছে বলে সবাইকে অবগত করেন। তিনি বলেন, দেশে ডেঙ্গুর প্রকোপ বেড়েই চলেছে। এজন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর আশেপাশের স্থান পরিস্কার-পরিচ্ছন্ন রাখার এবং কোথাও যেন পানি জমতে না পারে সেজন্য তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর প্রশাসন শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে নিয়মিতভাবে মশক নিধনে কীটনাশক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও অনুরোধ জানান।

ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর পরিচালক জনাব মোঃ আসরাফ হোসেন এ অধিদপ্তর-এর প্রদানকৃত সেবা বিষয়ক সিটিজেন চার্টার নিয়ে সভাকে অবহিত করেন। এ বিষয়ে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক আলোকপাত করেন এবং সচিবালয়ের নির্দেশনা ২০১৪ মোতাবেক সিটিজেন চার্টার হালানাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভাকে অবহিত করেন। পরিশেষে তিনি এ বিষয়ে উপস্থিত সদস্যগণ-এর নিকট হতে মতামত ও পরামর্শ আহ্বান করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ আব্দুল মালেক ৩.১ নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে অফিসের কাজে ব্যবহৃত সকল গাড়ীর (মাইক্রোবাস) এর জন্য লগ বই সংরক্ষণের ব্যবস্থা করা এবং সেই লক্ষ্যে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হবে বলে সভাকে অবহিত করেন। এছাড়াও নিয়মিতভাবে গাড়িসমূহের লগবই পরিবীক্ষণকরতঃ প্রশাসন শাখায় অবহিত করার বিষয়েও তিনি আলোকপাত করেন।

এছাড়াও সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-এর ৩.২ নং অনুচ্ছেদ অনুযায়ী আটটি বিভাগের আওতাধীন (কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, বরিশাল ও পটুয়াখালী) জেলা কার্যালয় পরিদর্শন, ৩.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী সিলেট ও ফরিদপুর জেলায় ঔষধের অনিয়ম প্রতিরোধে গৃহীত ব্যবস্থা (মোবাইল কোর্ট-এ মামলা দায়ের) এবং ৩.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী চট্টগ্রাম ও বরিশাল জেলায় নতুন মডেল ফার্মেসী/মডেল মেডিসিন শপ স্থাপন/আপগ্রেডকরণের বিষয়ে আলোচনা করা হয়।

সভায় উপস্থিত কমিটির সদস্যগণ এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং সবার সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## Action Items/ Decisions

| No. | New Actions/ Decisions | Responsibilities | Dead line |
|---|---|---|---|
| ১. | অফিসের কাজে ব্যবহৃত গাড়ীর (মাইক্রোবাস) এর লগবই পরিবীক্ষণের জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান এবং নিয়মিতভাবে গাড়িসমূহের লগবই পরিবীক্ষণকরতঃ প্রশাসন শাখাকে অবহিত করতে হবে। | প্রশাসন শাখা, ঔষধ প্রশাসন অধিদপ্তর | |
| ২. | ডেঙ্গু রোগের বিস্তার রোধে অফিস প্রাঙ্গণ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করে নিয়মিতভাবে মশক নিধনে কীটনাশক স্প্রে করার ব্যবস্থা করার সিদ্ধান্ত হয়। | প্রশাসন শাখা, ঔষধ প্রশাসন অধিদপ্তর | |
| ৩. | সচিবালয়ের নির্দেশনা ২০১৪ মোতাবেক সিটিজেন চার্টার হালানাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত হয়। | সিটিজেন চার্টার বিষয়ক কমিটি | |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরে ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাধীন কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, বরিশাল ও পটুয়াখালী জেলা কার্যালয় সমুহের কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি নিশ্চিত, হিসাব এবং নতুন লাইসেন্স প্রদান ও নবায়নের স্বচ্ছতা বিষয়ে পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত হয়। | প্রশাসন শাখা | |

মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
08 AUG 2023

## Distribution:

| No. | Name | Designation | Department | Address | Sign (if available) |
|---|---|---|---|---|---|
| 1. | | | | | |
| 2. | | | | | |